

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৩৪

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - যুদ্ধবিগ্রহ সম্পর্কীয়

اَلْفَصْلُ التَّنِفْ (بَابِ الْمَلَاحِم)

## আরবী

وَعَن صَالِح بِن دِرْهَم يَقُولُ: انْطَلَقْنَا حَاجِّيِنَ فَإِذَا رَجُلُ فَقَالَ لَنَا: إِلَى جَنْبِكُمْ قَرْيَةٌ يُقَالُ لَهَا: الْأَبُلَّةُ؟ قُلْنَا: نَعَمْ. قَالَ: مَنْ يَضْمَنُ لِي مِنْكُمْ أَنْ يُصَلِّيَ لِي فِي مَسْجِدِ الْعَشَّارِ رَكْعَتَيْنِ أَوْ أَرْبَعًا وَيَقُولُ هَذِهِ لِأَبِي هُرَيْرَةَ؟ سَمِعْتُ خَلِيلِي أَبَا الْقَاسِمِ صَلَّى اللَّهُ عَلَيْهِ رَكْعَتَيْنِ أَوْ أَرْبَعًا وَيَقُولُ هَذِهِ لِأَبِي هُرَيْرَةَ؟ سَمِعْتُ خَلِيلِي أَبَا الْقَاسِمِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «إِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ يَبْعَثُ مِنْ مَسْجِدِ الْعَشَّارِ يَوْمَ الْقِيَامَةِ شُهُدَاءَ لَا يَقُومُ مَعَ شَهَدَاءِ بَدْرٍ غَيْرُهُمْ» . رَوَاهُ أَبُو دَاوُدَ. وَقَالَ: هَذَا الْمَسْجِدُ مَمَّا يَلِي النَّهْرَ وَسَنَذْكُرُ حَديثَ شُهَدَاءِ بَدْرٍ غَيْرُهُمْ» . رَوَاهُ أَبُو دَاوُدَ. وَقَالَ: هَذَا الْمَسْجِدُ الْيَمَنِ وَالشَّامِ» . إِنْ شَاءَ اللَّهُ أَبِي الدَّرْدَاءِ: «إِنَّ فُسْطَاطَ الْمُسْلِمِينَ» فِي بَابِ: «ذِكْرِ الْيَمَنِ وَالشَّامِ» . إِنْ شَاءَ اللَّهُ تَعَالَى

اسناده ضعیف ، رواه ابوداؤد (4308) \* فیم ابراهیم بن صالح ضعفم الدارقطنی و الجمهور ـ 0 حدیث ابی الدرداء تقدم (6272) ـ (ضَعِیف)

#### বাংলা

৫৪৩৪-[২৪] সালিহ ইবনু দিরহাম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার আমরা কিছু লোক (বাসরাহ্ হতে) হজের জন্য রওয়ানা হলাম। হঠাৎ এক লোকের [আবূ হুরায়রাহ্ –(রাঃ)] সাথে আমাদের সাক্ষাৎ হলো। তিনি আমাদের প্রশ্ন করলেন, তোমাদের পার্শ্বে 'উবুল্লাহ্' নামে কোন একটি জনপদ আছে কি? আমরা বললাম, হ্যাঁ। তখন তিনি বললেন, তোমাদের মাঝে আমার জন্য কে এই দায়িত্বটি গ্রহণ করবে যে, উক্ত শহরের 'আশশার' নামক মসজিদে আমার পক্ষ থেকে দুই অথবা চার রাক্আত নফল সালাত আদায় করবে এবং (সালাতের নিয়াতে অথবা শেষে) বলবে, এটার প্রতিদান আবূ হুরায়রাহর জন্য!' আমি আমার বন্ধু আবুল কাসিম (সা.) -কে বলতে শুনেছি! আল্লাহ তা'আলা কিয়ামতের দিন 'আশশার মসজিদ' থেকে কতিপয় শহীদকে উঠাবেন। বদরের শহীদদের



সাথে তারা ব্যতীত আর কেউই উত্থিত হবে না। (আবু দাউদ)

বর্ণনাকারী বলেন, 'উবুল্লাহ'র উক্ত মসজিদখানি ইউফ্রেটিস (ফুরাত) নদীর নিকটবর্তী কোন এক স্থানে অবস্থিত। অচিরেই আমরা ইনশা-আল্লা-হ ইয়ামান ও সিরিয়ার বর্ণনাস্থলে আবু দারদা মারফত বর্ণিত হাদীস (إِنَّ فُسْطَاطَ) "নিশ্চয় মুসলিমদের শিবির……" বর্ণনা করব।

# ফুটনোট

যঈফ: আবু দাউদ ৪৩০৮; কারণ সনদে বর্ণিত ইবরাহীম ও তাঁর পিতা হাদীস বর্ণনার ক্ষেত্রে মাশহুর বা অপ্রসিদ্ধ, আর হাদীসটি সুরক্ষিত নয়। দারাকুতুনী তাকে য'ঈফ বলেছেন। আর বুখারী বলেন, তার অনুসরণ করা যায় না। য'ঈফাহ ৩১১৬।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ইবনুল আনবারী (রহিমাহুল্লাহ) বলেন: এখানে (خليلي) (খলীলী) এর অর্থ পরিপূর্ণ প্রেমিক। প্রকৃত ভালোবাসার মাধ্যমে পূর্ণ প্রেমিক হওয়া, যে ভালোবাসার কোন কমতি ও ক্রটি নেই। আল ওয়াহিদী (রহিমাহুল্লাহ) বলেন: এ কথাটি উত্তম ও পছন্দনীয়, কেননা আল্লাহ তা'আলা ইবরাহীম আলাইহিস সালাম-এর বন্ধু ও ইবরাহীম আল্লাহ তা'আলার খলীল বা বন্ধু। আর মসজিদ আল 'আশশারে আল্লাহ তা'আলা শহীদদের একত্রিত করবেন। এটা মূলত কবর থেকে উত্থান ঘটানো উদ্দেশ্য। অথবা তাদেরকে শহীদী মর্যাদা প্রদান করা হবে। তবে এই উন্মাত তথা নবী (সা.)-এর উন্মতের শহীদ নাকি পূর্ববর্তী জাতির শহীদ এটা জানা যায় না। (আল্লাহ অধিক জ্ঞাত) (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সালিহ ইবনু দিরহাম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন